

বৃষ্টি পড়ে টাপুর টুপুর, বৃষ্টি যখন চলে
অন্ধকারে ফিসফিসিয়ে হৃদয় কথা বলে

দুপুরবেলায় কেয়াতলায় সেই মেয়েটির ডাক
বন্দি হৃদয় ফন্দি করে আবার খুঁজে পাক

খুঁজতে খুঁজতে প্রথম পুরীর প্রথম নোনা স্নান
সদ্য আঁকা রক্ত সিঁদুর আড়াল করতে চান

আড়াল থেকে দিচ্ছে উঁকি ফুল ফোটা এক মেয়ে
ফুল না ছিঁড়ে ভুল করেছি ফুলের দিকে চেয়ে

মাড়িয়ে আসা এসব কথা আগুন হয়ে জ্বলে
অন্ধকারে ফিসফিসিয়ে হৃদয় কথা বলে

আগুন হয়ে জ্বলে

